গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
সংসদ ও সমন্বয় শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mos.gov.bd

বিষয়: আগস্ট ২০২৩ এর মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

সভাপতি : মোঃ মোস্তফা কামাল
সচিব

সভার তারিখ : ২৮.০৮.২০২৩

সভার সময় : সকাল ১১: ০০ ঘটিকা

স্থান : মন্ত্রণালয়ের সভা কক্ষ

উপস্থিতি : পরিশিষ্ট-কঃ সভায় উপস্থিত কর্মকর্তাগণ।
পরিশিষ্ট-খঃ সভায় ভার্চুয়াল প্লাটফর্মে সংযুক্ত কর্মকর্তাগণ।

সভাপতি কর্তৃক সভায় উপস্থিত এবং ভার্চুয়াল প্লাটফর্মে সংযুক্ত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। তিনি সভার আলোচ্যসূচি মোতাবেক কার্যপত্র উপস্থাপনের জন্য অনুরোধ জানান। সভাপতির অনুমতিক্রমে উপসচিব (সংসদ ও সমন্বয়) আলোচ্যসূচি অনুযায়ী কার্যপত্র সভায় উপস্থাপন করেন। সভায় উপস্থিত এবং ভার্চুয়াল প্লাটফর্মে সংযুক্ত সংস্থাসমূহের প্রধানগণ, প্রতিনিধি, মন্ত্রণালয়ের কর্মকর্তাবৃন্দ আলোচনায় অংশগ্রহণ করেন। সভায় বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্রম | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১. | **বিগত সভার কার্যবিবরণী অনুমোদন** | গত ২৪.০৭.২০২৩ তারিখে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকলে অনুমোদন করা যেতে পারে মর্মে সভাকে অবহিত করা হয়। | কোন সংশোধনী না থাকায় গত ২৪-০৭-২০২৩ তারিখ অনুষ্ঠিত সভার কার্যবিবরণী নিশ্চিত করা হয়। | - |
| ২. | **বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি** | এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা সভায় জানান, ২০২৩-২৪ অর্থ বৎসরের এপিএ চুক্তি স্বাক্ষরিত হয়েছে। এপিএ-তে সংশোধিত লক্ষ্যমাত্রা অর্জনের জন্য মন্ত্রণালয়, দপ্তর/সংস্থার এপিএ টীম কর্তৃক নিয়মিত সভা করা হয়। চেয়ারম্যান পায়রা বন্দর কর্তৃপক্ষ জানান সম্পাদিত এপিএ'তে কিছু সংশোধনী আনয়ন করা প্রয়োজন।<br>সভাপতি কর্তৃক স্বাক্ষরিত এপিএ'তে কোন সংশোধনের প্রয়োজন থাকলে তা সেপ্টেম্বরের মাসের মধ্যেই মন্ত্রিপরিষদের সংগে সমন্বয় করে সংশোধন করতে হবে মর্মে নির্দেশনা প্রদান করা হয়। | ১) এপিএ'র লক্ষ্যমাত্রা অর্জনের জন্য মন্ত্রণালয়, দপ্তর/সংস্থার সকল এপিএ টীম কর্তৃক নিয়মিত সভা করতে হবে। দপ্তর/ সংস্থা প্রধানগণ ও মন্ত্রণালয়ের এপিএ টীম লিডার বিষয়টি নিশ্চিত করবেন।<br>২) সম্পাদিত কর্ম সম্পাদন চুক্তি পরিবর্তন করতে হলে তা অবশ্যই সেপ্টেম্বরের মধ্যে পরিবর্তন করতে হবে। | ১. দপ্তর ও সংস্থা প্রধান (সকল)।<br>২. এপিএ টীম লিডার নৌপরিবহন মন্ত্রণালয়<br>৩. |
| ৩. | **ই-নথি ব্যবস্থাপনা, ইনোভেশন এবং ওয়েবসাইট হালনাগাদকরণ** | সিস্টেম এনালিস্ট নৌপম সভায় মন্ত্রণালয় ও দপ্তর সংস্থাসমূহের ই-নথি/ডি-নথি কার্যক্রমের মাসিক প্রতিবেদন সভায় উপস্থাপন করেন। তিনি জানান যে,<br>ক. ই-গর্ভনেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২৩ অনুযায়ী ৮৫% ফাইল ই-নথিতে সম্পাদন নিশ্চিত করতে হবে। এক্ষেত্রে নৌপরিবহন মন্ত্রণালয় জুন মাসে ৮৯.০৬% ফাইল ই-নথিতে সম্পন্ন করেছে। সংস্থা সমূহের অগ্রগতি সন্তোষজনক। তিনি ই-নথি/ডি- | ১. মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী ই-নথি/ডি-নথিতে নথি নিষ্পত্তির কার্যক্রম অব্যাহত রাখতে হবে। হার্ডকপিতে নথি নিষ্পত্তি না করে ই-নথিতে নিষ্পত্তি করতে হবে।<br>২. ইনোভেশন টিমের কার্যক্রম গতিশীল করতে | ১. দপ্তর ও সংস্থা প্রধানগণ।<br>২. সিস্টেম এনালিস্ট, নৌপরিবহন মন্ত্রণালয়<br>৩. ইনোভেশন টীম, নৌপম |

| | | | | |
|---|---|---|---|---|
| | | নথিতে শতভাগ কার্য সম্পাদনের জন্য নির্দেশনা প্রদান করেন। ইনোভেশন টিমের কার্যক্রম গতিশীল করার জন্য সভাপতি কর্তৃক নির্দেশনা প্রদান করা হয়। ২০০৯ হতে ২০২৩ পর্যন্ত প্রকাশিত বর্তমান সরকারের সাফল্য নিয়ে মন্ত্রণালয়ের দপ্তর/সংস্থা থেকে তথ্য নিয়ে একটি পান্ডুলিপি প্রস্তুত করা হয়েছে। আগামী ৩০ সেপ্টেম্বরের মধ্যে প্রকাশনীর কাজ সম্পন্ন করা হবে। সভাপতি দ্রুত সমন্বিত প্রকাশনী প্রকাশ করতে নির্দেশনা প্রদান করেন। তিনি ২০ সেপ্টেম্বরের মধ্যে খসড়া চূড়ান্ত করণ করে আবশ্যিকভাবে ৩০শে সেপ্টেম্বর প্রকাশনার কাজ সম্পন্নের জন্য নির্দেশনা প্রদান করেন। | হবে।<br>৩। ২০০৯ হতে ২০২৩ পর্যন্ত প্রকাশিত বর্তমান সরকারের সাফল্য নিয়ে মন্ত্রণালয়ের দপ্তর/সংস্থা থেকে তথ্য নিয়ে ২০ সেপ্টেম্বর পান্ডুলিপির খসড়া চূড়ান্ত করতে হবে এবং ৩০ সেপ্টেম্বরের মধ্যে ছাপানো নিশ্চিত করতে হবে। | ৪. যুগ্ম-সচিব, প্রশাসন, নৌপম। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৪. | অডিট আপত্তি নিষ্পত্তিকরণ | উপসচিব (অডিট ও আইন) সভায় জানান যে, মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর ও সংস্থা সমূহের সাধারণ আপত্তির মোট সংখ্যা=৪৯৩টি, অগ্রিম আপত্তির মোট সংখ্যা=৯০১টি, খসড়া (সংকলন) আপত্তির মোট সংখ্যা=১৫৪টি, মোট আপত্তির সংখ্যা=১৫৪৮ ও জড়িত টাকা পরিমান =১৪৮৩৪.৯০৩৩ (চৌদ্দ হাজার আটশত চৌত্রিশ কোটি নয় লক্ষ তেত্রিশ হাজার টাকা মাত্র)।<br>মোট নিষ্পত্তি (সাধারণ ০২টি+অগ্রিম ০৬টি)=০৮টি, মোট নিষ্পত্তি জনিত টাকার পরিমাণ (সাধারণ ০.০০৫০+অগ্রিম ০.৭৩০০)= ০.৭৩৫০ (তিয়াত্তর লক্ষ পঞ্চাশ হাজার টাকা)।<br>তিনি জানান প্রতিটি দপ্তর/সংস্থার সর্বোচ্চ আর্থিক জড়িত ৫টি অডিট আপত্তি বাছাই করা হয়েছে; যার সঙ্গে মোট আপত্তির প্রায় অর্ধেক আর্থিক বিষয় জড়িত রয়েছে। তিনি সভাকে জানান ২৪-০৮-২০২৩ তারিখে মোংলা বন্দর কতৃপক্ষের আর্থিক বিবেচনায় সর্বোচ্চ ৫টি আপত্তি এবং আরও ২৮টি অগ্রিম অনুচ্ছেদ নিয়ে একটি ত্রিপক্ষীয় সভা মোংলা বন্দর কর্তৃপক্ষের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় আর্থিক বিবেচনায় সর্বোচ্চ ৫টি আপত্তিই নিষ্পত্তির সুপারিশ করা হয়। অবশিষ্ট আলোচিত ২৮টি আপত্তির মধ্যে ২৩টি আপত্তি নিষ্পত্তির সুপারিশ করা হয়। নিষ্পত্তির জন্য সুপারিশকৃত আপত্তির সাথে জড়িত টাকার পরিমাণ ৬৩৭.৬৫ কোটি টাকা। এছাড়া ২৭-০৮-২০২৩ তারিখে বিআইডব্লিউটিএ'র সভাকক্ষে বিআইডব্লিউটিসি, বাস্তুবক, নৌপরিবহন অধিদপ্তর, জাতীয় নদী রক্ষা কমিশন এবং বিআইডব্লিউটিএ'র আর্থিক বিবেচনায় সর্বোচ্চ ৫টি করে মোট ২৫টি অডিট আপত্তি এবং বিআইডব্লিউটিএ এর আরও ২৫টি অডিট আপত্তি নিয়ে ত্রিপক্ষীয় সভা অনুষ্ঠিত হয়। আর্থিক বিবেচনায় সর্বোচ্চ ৫টি করে মোট ২৫টি আপত্তির মধ্যে ২১টি আপত্তি উক্ত সভায় নিষ্পত্তির সুপারিশ করা হয়। এছাড়াও বিআইডব্লিউটিএ এর অবশিষ্ট ২৫টি আপত্তির মধ্যে ২০টি আপত্তি নিষ্পত্তির জন্য সুপারিশ করা হয়। উক্ত সভায় নিষ্পত্তির জন্য সুপারিশকৃত ৪১টি অডিট আপত্তির সাথে জড়িত টাকার পরিমাণ ৩২১৯.২৭ কোটি টাকা।<br>সভাপতি কর্তৃক এভাবে দ্বিপাক্ষিয় সভা করে অডিট আপত্তি নিষ্পত্তি করার জন্য উপসচিব (অডিট ও আইন) সহ জড়িত সকলকে ধন্যবাদ জানান এবং এ ধারা অব্যাহত রাখার জন্য নির্দেশনা প্রদান করেন।<br>কমান্ড্যান্ট, মেরিন একাডেমি বরিশাল জানান, তাঁর দপ্তরেরঅডিট আপত্তি অধিদপ্তরের মাধ্যমে প্রেরণ করতে হয় যা সময়সাপেক্ষ। এ পর্যায়ে সভাপতি, আর্থিক বাজেট, অডিট আপত্তির জবাব সবই আলাদাভাবে মন্ত্রণালয়ের অধীনে হওয়ার বিষয়টি নিশ্চিত করার নির্দেশ দেন। | ১. মন্ত্রণালয়ের আওতাধীন সকল দপ্তর/সংস্থার অডিট আপত্তিসমূহ দ্রুত নিষ্পত্তি করতে হবে।<br>২. দপ্তর/সংস্থা সমূহের চিহ্নিত সর্বোচ্চ আর্থিক জড়িত ৫টি করে অডিট আপত্তি দ্রুত নিষ্পত্তির জন্য প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে।<br>৩। মেরিন একাডেমি/ইনস্টিটিউট সমূহের আর্থিক বাজেট, অডিট আপত্তির জবাব সবই আলাদাভাবে মন্ত্রণালয়ের অধীনে হওয়ার বিষয়টি নিশ্চিত করতে হবে। | ১.সকল দপ্তর/ সংস্থা প্রধানগণ<br>২. উপসচিব (অডিট ও আইন) অধিশাখা নৌপরিবহন মন্ত্রণালয়<br>৩। উপসচিব, জাহাজশাখা/বাজেটশাখা, হিসাবরক্ষণ কর্মকর্তা। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৫. | **দেওয়ানী ও রিট মামলা সংক্রান্ত তথ্য** | উপসচিব (অডিট ও আইন) সভায় জানান যে, মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের মোট দায়েরকৃত দেওয়ানী ও রিট মামলার সংখ্যা ৫২৬টি। তন্মধ্যে ৪৯৬টির জবাব দাখিল করা হয়েছে। ৩০টির জবাব দাখিল করা হয়নি।<br>জবাব দাখিলসহ মামলাসমূহ নিষ্পত্তিতে কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য সভাপতি কর্তৃক নির্দেশনা প্রদান করা হয়। | সংশ্লিষ্ট দপ্তর/সংস্থাসমূহের অনিষ্পন্ন রিট ও দেওয়ানী মামলা যা আছে তা নিষ্পত্তির জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১. দপ্তর ও সংস্থা প্রধানগণ<br>২. উপসচিব (অডিট ও আইন) অধিশাখা নৌপরিবহন মন্ত্রণালয়। |
| ৬. | **তথ্য অধিকার আইন (আরটিআই)** | উপসচিব (প্রশাসন-১) সভায় জানান যে, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি নির্দেশনা মোতাবেক তথ্য অধিকার আইন ২০০৯ এর অধীনে স্বপ্রনোদিতভাবে প্রকাশযোগ্য তথ্য সমূহের ১) ৫ ধারা মোতাবেক তথ্যাবলীর ক্যাটগরি ও ক্যাটালগ এবং ২) স্বপ্রনোদিতভাবে প্রকাশযোগ্য তথ্যের তালিকা প্রতিনিয়ত হালনাগাদ করা হয়। তথ্য অধিকার আ্রইনের আওতায় সময়মত প্রশিক্ষণ আয়োজন করতে সভাপতি নির্দেশনা প্রদান করেন। | ১. সেবা গ্রহীতাগণের তথ্য প্রাপ্তির আবেদন নির্ধারিত সময়ের মধ্যে নিষ্পত্তি করতে হবে।<br>২. এ বিষয়ে নিয়মিত মন্ত্রণালয়ে প্রতিবেদন প্রেরণ/ ওয়েবসাইট নিয়মিত আপলোড করতে হবে।<br>৩. তথ্য অধিকার আ্রইনের আওতায় সময়মত প্রশিক্ষণ আয়োজন করতে হবে। | ১. দপ্তর ও সংস্থা প্রধানগণ<br>২. মন্ত্রণালয়েরে এ সংক্রান্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তা।<br>৩.উপসচিব (নৌশি ও প্রশিক্ষণ), নৌপম। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৭ | নাম পদবি ব্যবহার সংক্রান্ত | উপসচিব (সংসদ ও সমন্বয়) সভায় জানান যে, মোবক, বাস্থবক এবং পাবক এর পদনাম/পদবি পরিবর্তন বিষয়ে জানরক জনপ্রশাসন মন্ত্রণালয় এবং পরবর্তীতে অর্থ বিভাগের সম্মতি পাওয়া গিয়েছে। প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির অনুমোদনের জন্য মন্ত্রিপরিষদ বিভাগে সারসংক্ষেপ প্রেরণ করা হয়েছে।<br>চবকের পদনাম পরিবর্তনের বিষয়ে চাহিত তথ্যাদিসহ প্রস্তাব জনপ্রশাসন মন্ত্রণালয়ের সম্মতির জন্য প্রেরণ করা হয়েছে।<br>বিআইডব্লিউটিসি'র অর্গানোগ্রামভুক্ত সচিব, উপসচিব ও সহকারী সচিব পদনাম এর পরিবর্তে উপযুক্ত পদনাম সংশোধনপূর্বক জনপ্রশাসন মন্ত্রণালয়ের চেকলিস্ট অনুসারে প্রস্তাব প্রেরণের জন্য নৌপরিবহন মন্ত্রণালয় হতে সর্বশেষ ০৬-০৪-২০২৩ তারিখে বিআইডব্লিউটিসিকে অনুরোধ করা হয়। জবাব পাওয়া যায়নি।<br>বিআইডব্লিউটিএ'র পদনাম/পদবি পরিবর্তনের বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে গত ১৬-০৮-২০২২ তারিখে অনুমোদন পাওয়া যায়। এ প্রেক্ষাপটে বিআইডব্লিউটিএ'র পদনাম/পদবি পরিবর্তনের বিষয়ে অর্থ বিভাগের সম্মতি গ্রহণের নিমিত্ত প্রস্তাব গত ১৪-০২-২০২৩ তারিখ অর্থ বিভাগে প্রেরণ করা হয়েছে। তৎপ্রেক্ষিতে অর্থ বিভাগ ১৯-০৩-২০২৩ তারিখে বিআইডব্লিউটিএ'র বিভিন্ন পদনাম পরিবর্তনের প্রস্তাবটি নিষ্পত্তির সুবিধার্থে কিছু তথ্যাদি চেয়েছে। এ প্রেক্ষাপটে বিআইডব্লিউটিএ'র পদনাম/পদবি পরিবর্তনের বিষয়ে অর্থ বিভাগের সম্মতি গ্রহণের নিমিত্ত গত ২৪-০৭-২০২৩ তারিখে যাচিত তথ্যাদি অর্থ বিভাগে প্রেরণ করা হয়েছে।<br>অপরদিকে জাতীয় নদী রক্ষা কমিশনের পদনাম/পদবি পরিবর্তনের বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে ০৭-০৯-২০২২ তারিখে অনুমোদন পাওয়া যায় এবং অর্থ বিভাগ থেকে গত ৩১-০১-২০২৩ তারিখে অনুমোদন পাওয়া যায়। অর্থ বিভাগের সম্মতি পত্রের 'ক' শর্ত মোতাবেক প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির অনুমোদনের জন্য প্রস্তাব গত ২১-০৬-২০২৩ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে প্রস্তাব প্রেরণ করা হয়েছে। | মন্ত্রিপরিষদ বিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থবিভাগের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | ১. প্রশাসন অনুবিভাগ, নৌপরিবহন মন্ত্রণালয় ও চেয়ারম্যান, জাতীয় নদী রক্ষা কমিশন/ চবক/মোবক/পাবক/ বাস্হবক ও বিআইডব্লিউটিএ। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৮ | শূন্যপদ পূরণ সংক্রান্ত | মন্ত্রণালয় ও এর আওতাধীন দপ্তর/সংস্থা সমূহের অনেক পদ শূন্য রয়েছে। শুন্য পদসমূহ জরুরি ভিত্তিতে পূরণ করা প্রয়োজন। সভাপতি জানান যে, মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত প্রতিমন্ত্রী মহোদয় সকল শূন্যপদ অক্টোবর'২০২৩ মাসের মধ্যে পূরনের জন্য নির্দেশনা প্রদান করেছেন। তিনি জানান বিআইডব্লিউটিসিতে নিয়ম বর্হিভূতভাবে 'কাজ নাই মজুরি নাই' ভিত্তিতে জনবল নিয়োগ করা হয়েছে। এ বিষয়ে নৌপরিবহন মন্ত্রণালয়ের একজন অতিরিক্ত সচিবের নেতৃত্বে অর্থ মন্ত্রণালয় ও জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রতিনিধি সমন্বয়ে একটি কমিটি করে গঠন করে যাচাই বাছাই করতে হবে। কমিটি বিধি বর্হিভূত নিয়োগ রয়েছে কিনা থাকলে করণীয় নির্ধারন করে প্রতিবেদন দাখিল করবেন। | ১) মন্ত্রণালয় এবং আওতাধীন সকল দপ্তর/সংস্থার সকল শূন্যপদে অক্টোবর'২০২৩ মাসের মধ্যে আবশ্যিকভাবে জনবল নিয়োগ প্রদান নিশ্চিত করতে হবে।<br>২) বিআইডব্লিউটিসি'র নিয়োগ নিয়ম বর্হিভূতভাবে করা হয়েছে কিনা তা যাচাই বাছাই করে করণীয় নির্ধারনের জন্য জনপ্রশাসন ও অর্থ বিভাগের প্রতিনিধির সমন্বয়ে মন্ত্রণালয়ের একজন অতিরিক্ত সচিবের নেতৃত্বে একটি কমিটি গঠন করতে হবে। | ১. সকল দপ্তর/ সংস্থা প্রধান।<br>২.উপসচিব , টিসি শাখা, নৌপম |

| | | | | |
|---|---|---|---|---|
| | ১০.৭ মেরিন একাডেমীসমূহের নিয়োগ বিধিমালা প্রনয়ণ | ১৫ মে ২০২৩ তারিখে প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটি কর্তৃক সুপারিশ করা হয়। মতামত প্রদানের জন্য পিএসসি'তে প্রেরণ করা হয়েছে। পিএসসি থেকে মতামত প্রদান করা হয়েছে। গেজেট আকারে প্রকাশ করার জন্য আইন মন্ত্রণালয়ে পাঠাতে হবে।<br>সভাপতি মেরিন একাডেমীসমূহে নিয়োগবিধিমালা প্রনয়নের কাজ দ্রুত শেষ করার জন্য নির্দেশনা প্রদান করেন। | মেরিন একাডেমীসমূহের নিয়োগ বিধিমালা জরুরী ভিত্তিতে প্রণয়ন সম্পন্ন করতে হবে। | ১. কমান্ড্যান্ট সকল মেরিন একাডেমী<br>২.উপসচিব, শিক্ষা ও প্রশিক্ষণ শাখা |
| | ১০.৮ পাবকের সাংগঠনিক কাঠামো হালনাগাদকরণ | পাবকের সাংগঠনিক কাঠামোতে ইতোপূর্বে ৮৫ ক্যাটাগরির ৩৪১ পদ সৃজন করা হয়েছে। বর্তমানে আরো ১৮৪ ক্যাটাগরির ৭৬০টি পদ সৃজনের কার্যক্রম চলমান রয়েছে।<br>জনপ্রশাসন মন্ত্রণালয়ে চিঠি পাঠানোর কার্যক্রম চলমান রয়েছে।<br>সভাপতি দ্রুত প্রবিধানমালা হালনাগাদকরণ শেষ করতে নির্দেশনা প্রদান করেন। | পাবকের সাংগঠনিক কাঠামো দ্রুত হালনাগাদকরণ করতে হবে। | ১। চেয়ারম্যান (পাবক)<br>২। সিনিয়র সহকারী সচিব (পাবক) |
| | ১০.৯ বিআইডব্লিউটএ'র আওতাধীন সকল নদীবন্দরের ফোরশোর সমূহের মেয়াদ বৃদ্ধি | বিআইডব্লিউটিএ থেকে গত ১৪-০৮-২০২৩ তারিখে টিএ শাখায় নদী বন্দর সমূহের ফোরশোর (তীরভূমি) বিআইডব্লিউটি'র অনুকূলে হস্তান্তর বিষয়ে একটি প্রস্তাব পাওয়া যায় যার ওপর কার্যক্রম চলমান রয়েছে এবং ফোরশোর সমূহে যেন কেউ অবৈধভাবে অনুপ্রবেশ করে কোনো ভবন বা স্থাপনাদি নির্মাণ করতে না পারে সেজন্য ৪টি দৈনিক পত্রিকায় গণবিজ্ঞপ্তি জারি করা হয়েছে। | ফোর শোরসমূহের হস্তান্তর গ্রহণ ও মেয়াদ বৃদ্ধি করতে হবে এবং অবৈধভাবে অনুপ্রবেশ বন্ধে গণবিজ্ঞপ্তি জারি করতে হবে। | ১। চেয়ারম্যান (টিএ)<br>২। উপসচিব (টিএ) |

| | | | | |
|---|---|---|---|---|
| | ১০.১০ স্থলবন্দর পরিচালনা ও ব্যবস্থাপনা প্রবিধাণমালা হালনাগাদকরণ | স্থলবন্দর পরিচালনা ও ব্যবস্থাপনা প্রবিধাণমালা হালনাগাদকরণের কার্যক্রম চলমান রয়েছে।<br>সভাপতি দ্রুত প্রবিধাণমালা হালনাগাদকরণ শেষ করতে নির্দেশনা প্রদান করেন। | স্থলবন্দর পরিচালনা ও ব্যবস্থাপনা প্রবিধাণমালা হালনাগাদকরণ করতে হবে। | ১। চেয়ারম্যান (বাস্থবক)<br>২। উপসচিব (বাস্থবক) |
| | ১০.১১ অনিষ্পন্ন কাজের তালিকা প্রেরণ। | উপসচিব (সংসদ ও সমন্বয়) জানান যে, দপ্তর ও সংস্থাসমূহের অনিষ্পন্ন তালিকা স্ব স্ব দপ্তর/সংস্থা প্রধানগণ সভাকে অবহিত করার অনুরোধ করেন। দপ্তর ও সংস্থা সমূহের অনিষ্পন্ন তালিকা স্ব স্ব দপ্তর/সংস্থাপ্রধানগণ সভাকে অবহিত করেন। সভাপতি দপ্তর/সংস্থা সমূহের অনিষ্পন্ন কাজ দ্রুত সময়ের মধ্যে নিষ্পত্তি করার জন্য অনুরোধ করেন। | সকল দপ্তর ও সংস্থার প্রধানগণকে দ্রুত অনিষ্পন্ন কাজের তালিকা প্রেরণ করতে হবে। | ১. মন্ত্রণালয়<br>২. দপ্তর ও সংস্থা। |

১৩। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ মোস্তফা কামাল
সচিব

স্মারক নম্বর: ১৮.০০.০০০০.০৩২.০৬.০০১.২২.৬৪

তারিখ: ১৬ ভাদ্র ১৪৩০
৩১ আগস্ট ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) নৌপরিবহন মন্ত্রণালয়ের আওতাধীন সকল দপ্তর/সংস্থা

২) নৌপরিবহন মন্ত্রণালয়ের সকল কর্মকর্তা

মোঃ মনিরুজ্জামান মিঞা
উপসচিব